

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

প্রশাসন অধিশাখা-২

[www.plandiv.gov.bd](http://www.plandiv.gov.bd)



নং-২০.০০.০০০০.৩০৩.৩২.৪৭৮.২০-২১২

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮  
১৭ মে ২০২১

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৭/১২/২০২০ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.১০৮.১১.০৩৬.১৯-২৯০ সংখ্যক স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে পরিকল্পনা বিভাগের “বাজেট অফিসার” পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২২০০০-৫৩০৬০/- টাকা বেতনক্রমে (৯ম গ্রেড) অনুচ্ছেদ-২ এ বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমঃ	প্রার্থীর নাম ও রেজিস্ট্রেশন নং	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
(১)	জনাব মোঃ তানজিল হাসান রেজিঃ নম্বর-০৩০৩০১	পিতাঃ শেখ দেলোয়ার হোসেন মাতাঃ সেলিনা আক্তার <b>স্থায়ী ঠিকানাঃ</b> গ্রামঃ জগৎপুর ডাকঘরঃ রামগঞ্জ উপজেলা :রামগঞ্জ জেলা :লক্ষ্মীপুর।	কক্ষ নং -পদ্মা ১১০০৪ বিজয় একাত্তর হল ঢাকা বিশ্ববিদ্যালয় ঢাকা-১০০০।

**২। নিয়োগের শর্তাবলী:**

- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এ নিয়োগ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে;
- যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য করা হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক প্রতীয়মান হলে তাকে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে। শিক্ষানবিসকালে তাঁর আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- সময়ে সময়ে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠানে প্রশিক্ষণের জন্য মনোনয়ন প্রদান করা হলে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;
- বিদেশী নাগরিকের সাথে বিবাহসূত্রে কোন সম্পর্ক বা দায়বদ্ধতা থাকলে এই নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে;
- চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তাঁর নিয়োগাদেশ বাতিল করা হবে ;
- এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন/বিধি/আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য আইন/বিধি/আদেশ দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে ;
- এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না।

৩। অনুচ্ছেদ-২ এ বর্ণিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে আগামী ০১ জুন ২০২১ খ্রিঃ/ ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ তারিখের মধ্যে সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা বরাবর যোগদান করার জন্য তাকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে বিবেচনা করা হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/১৭-০৫-২০২১

মোহাম্মদ জয়নুল বারী

সচিব

পরিকল্পনা বিভাগ


অপর পৃষ্ঠায় দৃষ্টব্য . . .

নং-২০.০০.০০০০.৩০৩.৩২.৪৭৮.২০-২১২/১(১৩)

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮  
১৭ মে ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৪) যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৫) উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) উপসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৭) মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯) সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিকল্পনা বিভাগ, হিসাব ভবন (ফেজ-৩), সেগুনবাগিচা, ঢাকা।
- ১১) হিসাবরক্ষণ কর্মকর্তা/বাজেট অফিসার/লাইব্রেরী অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ১২) জনাব মোঃ তানজিল হাসান পিতাঃ শেখ দেলোয়ার হোসেন, মাতাঃ সেলিনা আক্তার, বর্তমান ঠিকানাঃ কক্ষ নং - পদ্মা ১১০০৪, বিজয় একান্তর হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০। স্থায়ী ঠিকানাঃ কাজী বাড়ী, গ্রামঃ জগৎপুর, ডাকঘরঃ রামগঞ্জ, উপজেলাঃ রামগঞ্জ, জেলাঃ লক্ষ্মীপুর।
- ১৩) অফিস কপি/ব্যক্তিগত নথি।



রত্না শারমীন ঝরা

উপসচিব

পরিকল্পনা বিভাগ

ফোন: ৪৮১১০৭২৯

ই-মেইল: ds.admin2@plandiv.gov.bd